



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী

e-mail: [rajshahicollegebd@gmail.com](mailto:rajshahicollegebd@gmail.com), website: [www.rc.gov.bd](http://www.rc.gov.bd)

online news portal: [rcbarta.com](http://rcbarta.com)

স্মারক নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২৬.৫৮৭

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
১৬ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে অধ্যয়নরত অস্বচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার অনলাইন আবেদন দাখিল প্রসঙ্গে

সূত্র: স্মারক নং-৩৭.২৪.০০০০.০০০.০০৩.৭৫.০০০২.২৬-৬০, তারিখ: ০৮/০৪/২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে রাজশাহী কলেজ, রাজশাহী'র ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে অধ্যয়নরত অস্বচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ভর্তি সহায়তা প্রদান করা হবে।

ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে অধ্যয়নরত অস্বচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীকে <https://www.eservice.pmeat.gov.bd/admission> -লিংক-এ প্রবেশ করে ৩০/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

### শর্তাবলী:

- (১) এতিম শিক্ষার্থী, প্রতিবন্ধী শিক্ষার্থী/অভিভাবক, দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত শিক্ষার্থী/অভিভাবক, অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধার সন্তান, হতদরিদ্র শিক্ষার্থী (অভিভাবক নিল্ল আয়ের শ্রমিক) এবং 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ২০তম গ্রেডের সরকারি কর্মচারীর সন্তান ভর্তি সহায়তার আবেদনের ক্ষেত্রে এর সমর্থনে প্রমাণকের কপি আবশ্যিকভাবে আপলোড করতে হবে;
- (২) পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ৩ (তিন) লক্ষ টাকা বা তার কম হতে হবে;
- (৩) শিক্ষার্থী হতদরিদ্র পরিবারের সন্তান মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভা বা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের কপি আপলোড করতে হবে;
- (৪) ট্রাস্ট কর্তৃক নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন, শিক্ষার্থীর জন্মনিবন্ধন কপি, পিতা ও মাতার এনআইডি কপি, শিক্ষার্থীর ১ কপি ছবি এবং শিক্ষার্থী অথবা পিতা বা মাতার অনলাইন ব্যাংক একাউন্ট এর তথ্যের স্পষ্ট কপি আবশ্যিকভাবে আপলোড করতে হবে।

- স্বাক্ষর  
১৬/০৪/২০২৬

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

০২৫৮৮৮৫৫৪৭৫

*Signature*  
16.04.26